

তারিখ ২৬ AUG ২০১৭ ...  
পৃষ্ঠা ৭ ... কলাম ৩ ...

# শুধু সার্টিফিকেট নয়, উচ্চ শিক্ষায় বড় পরিবর্তন আনতে হবে

স্টাফ রিপোর্টার ॥ শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, উচ্চশিক্ষা সম্পর্কে ধারণাটা পাসেটি দিতে চাই। ক্লাসে গেলাম না, ক্লাসের লেকচার সংগ্রহ করে বছর শেষে পরীক্ষা দিয়ে পাস করলাম, এটা আর চলবে না। রাজধানীর সোবাহনবাগে ড্যাফোডিল টাওয়ারে দুইদিনব্যাপী 'ইনোভেটিভ টিচিং এন্ড লার্নিং-এক্সপো-২০১৭'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন। ড্যাফোডিল এডুকেশন স্টেওয়ার্ক ও ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশ যৌথভাবে এ অনুষ্ঠানের আয়োজন করে। শিক্ষামন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের সুজনশীলভাবে চিন্তা কর্তৃত হবে এবং টেক্নোলজি শর্করিকে কর্মজীবনাগতে হবে। সুজনশীল দৃষ্টিভঙ্গ ও উত্তীর্ণ শক্তিকে লার্নিং এক্সপো' কাজে লাগিয়ে নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে এবং এর মাধ্যমে নিজেদের সমস্যাগুলো সমাধান করতে হবে। সে জন্য বিশ্ববিদ্যালয়গুলোতে প্রয়োজনীয় গবেষণার ব্যবস্থা থাকতে হবে। ড্যাফোডিল ইন্টারন্যুশনাল ইউনিভার্সিটির ট্রান্সিট বোর্ডের চেয়ারম্যান মোঃ সবুর খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অনুদানের মধ্যে ছিলেন- ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির উপাচার্য অধ্যাপক ড. মুনজির আহমেদ নূর, ড্যাফোডিল ইন্টারন্যুশনাল ইউনিভার্সিটির উপাচার্য ড. ইউসুফ এম ইসলাম, এনসিসি এডুকেশন ইউকের প্রধান নির্বাহী কর্মকর্তা এলান নরটন এবং ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের কালচারাল সেন্টারের প্রধান সারওয়াত রেজা প্রমুখ।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, শুধু সার্টিফিকেট অর্জনের জন্য উচ্চশিক্ষা নয়। এখানে একটি বড় পরিবর্তন আনতে হবে। এ জন্য বিশ্ববিদ্যালয় ও শিক্ষার্থীদের অনেক দায়িত্ব রয়েছে। শিক্ষা শুধু শ্রেণীকক্ষের সীমাবদ্ধ রাখলে চলবে না। দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নতুন প্রজন্মকে প্রস্তুত করতে হবে। নতুন জ্ঞান অনুসন্ধান করতে হবে। এ জন্য ইনোভেটিভ টিচিং ও লার্নিং গুরুত্বপূর্ণ।

শিক্ষামন্ত্রী বলেন, আমরা চিরকাল শুধু জ্ঞান ও প্রযুক্তি আধ্যানিকারক থাকব না। আমাদের নতুন প্রজন্ম বিশ্ববিদ্যালয়ের মেধার অধিকারী। তারা একদিন জ্ঞান ও প্রযুক্তি রফতানি করবে। তিনি বলেন, মানবসম্পদ গড়ার ওপর আমরা জোর দিচ্ছি। শিক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতা দিতে হবে। সে জন্য কারিগরি শিক্ষার প্রসারে গুরুত্ব দেয়া হচ্ছে। মন্ত্রী আরও বলেন, প্রায় সকল

শিশুকে স্কুলে নিয়ে আসা সন্তুষ্ট হয়েছে। মাধ্যমিক স্তর পর্যন্ত শিক্ষায় ছেলেমেয়েদের মধ্যে সমতা অর্জিত হয়েছে। মারী শিক্ষার উন্নয়নের মাধ্যমে এটা আমাদের সমাজে বিস্তার পরিবর্তন সাধন করেছে। সবার জন্য অষ্টম শ্রেণী পর্যন্ত মৌলিক শিক্ষা নির্মিত করতে হবে। অনুষ্ঠানে ইনোভেটিভ টিচিংয়ের জন্য দুইজন প্রতিযোগীকে পুরস্কৃত করা হয়। প্রথম স্থান লাভ করেন গোপালগঞ্জ জেলার ডালনিয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা লতিফা আজগার শিউলি এবং দ্বিতীয় স্থান লাভ করেন বাঙালিদেশ কারিগরি শিক্ষা বোর্ডের কারিগুলাম বিশেষজ্ঞ ড. মোঃ শাহ আলম মজিদবার। মোট ৫৮টি ইনোভেটিভ টিচিং প্রকল্প প্রতিযোগী অংশগ্রহণ করে। আজ শনিবার শিক্ষার্থীদের অংশগ্রহণে ইনোভেটিভ লার্নিং প্রতিযোগিতার ফলাফল ঘোষণা করা হবে।

ব্রিটিশ কাউন্সিলে কমনওয়েলথ বৃত্তিপ্রাপ্ত ৪৫ তরঙ্গ-তরঙ্গী ব্রিটিশ কাউন্সিল ঢাকা জানিয়েছে, ২০১৭-২০১৮ সেশনে কমনওয়েলথ বৃত্তিপ্রাপ্ত ও ফেলোদের জন্য যুক্তরাজ্যের কমনওয়েলথ স্কলারশিপ কমিশনের (সিএসসি) পক্ষে বিশেষ একটি অধিবেশনের আয়োজনে করে ব্রিটিশ কাউন্সিল। সারাদেশ থেকে ৪৫ জন মেধাবী কমনওয়েলথ বৃত্তিপ্রাপ্ত তরঙ্গ ও ফেলোর অংশগ্রহণে অধিবেশনটি পরিচালনা করেন ব্রিটিশ কাউন্সিলের দক্ষিণ এশিয়ার আঞ্চলিক ব্যবস্থাপক (সিএসএফপি) তোহিদুর রহমান। অধিবেশনটিতে ত জন কমনওয়েলথ এ্যালায়মাইও উপস্থিত ছিলেন। এ্যাসেসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটি'স (এসিইটি)-এর সহয়তায় বাংলাদেশে কমনওয়েলথ স্কলারশিপ ও ফেলোশিপ প্ল্যানের (সিএসএফপি) অধীনে কমনওয়েলথ বৃত্তি নিয়ে কাজ করেছে ব্রিটিশ কাউন্সিল ও ইউজিসি। কমনওয়েলথ স্কলারশিপ কমিশন (সিএসসি) যুক্তরাজ্য সরকারের পক্ষে ফেলোশিপ কর্মসূচী আয়োজন করে আসছে। কমনওয়েলথ বৃত্তি পেতে আগ্রহী শিক্ষার্থীরা প্রয়োজনীয় তথ্য পেতে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় যশুরি কমিশনে যোগাযোগ করতে পারেন কিংবা ব্রিটিশ কাউন্সিলের ওয়েবসাইটও ভিজিট করতে পারেন।

([www.britishcouncil.org.bd/en/commonwealth-scholarship-and-fellowship-plan-csfp](http://www.britishcouncil.org.bd/en/commonwealth-scholarship-and-fellowship-plan-csfp))